



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd


স্মারক নং-বশিবো/প্রশা/২২/২০২৪/২৬

তারিখ: ২১/০১/২০২৪ খ্রি।

বিষয়:- জাতীয় বীমা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র:- ৫৩.০০.০০০০.২৩৩.৯৯.০০১.১৯.৪, তারিখ: ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে “জাতীয় বীমা দিবস-২০২৪” সফলভাবে উদযাপনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর ওয়েবসাইটে সংযুক্ত বিজ্ঞপ্তিটি নির্দেশক্রমে প্রদর্শন করা হলো।


সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৫৯৬১

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ০১। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০২। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৩। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

www.fid.gov.bd

রচনা প্রতিযোগিতা

জাতীয় বীমা দিবস-২০২৪ উপলক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।
রচনার গ্রুপ ও বিষয়বস্তু নিম্নরূপঃ

গ্রুপ	বিষয়বস্তু
'ক' (বিদ্যালয়/মহাবিদ্যালয়/সমমান)	বীমা শিল্পের অগ্রযাত্রায় বঙ্গবন্ধু
'খ' (বিশ্ববিদ্যালয়/সমমান)	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বীমা শিল্পের ভূমিকা

'ক' গ্রুপের জন্য ১০০০ এবং 'খ' গ্রুপের জন্য ১৫০০ শব্দের মধ্যে বাংলায় নিজ হাতে পরিষ্কার হস্তাক্ষরে রচনা A4 সাইজের কাগজে এক পার্শ্বে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়)। রচনার সাথে প্রত্যেক শিক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. বিকেল ৪.০০ টার মধ্যে "সদস্য-সচিব, রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি, কক্ষ নম্বর- ৩৩৬, ভবন নম্বর-০৭, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০" ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ারে/ই-মেইলে bimaessaycom2024@gmail.com (যে কোনো একটি মাধ্যমে) প্রেরণ করতে হবে। একাধিক মাধ্যমে এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত রচনা বাতিল বলে গণ্য হবে। খামের উপরে/ই-মেইলের subject এ গ্রুপ ও রচনার শিরোনাম উল্লেখ করতে হবে।

'ক' ও 'খ' গ্রুপ থেকে আলাদা আলাদাভাবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদেরকে যথাক্রমে ২৫,০০০/-, ২০,০০০/- ও ১৮,০০০/- টাকা মূল্যমানের প্রাইজবন্ড ছাড়াও সনদ, ক্রেস্ট ও বই পুরস্কার প্রদান করা হবে।

প্রতিযোগিতার বিষয়ে উপ-কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জেহাদ উদ্দিন)

উপসচিব


আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

ও

সদস্য-সচিব

রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি

জাতীয় বীমা দিবস-২০২৪

 ২০/০২/২০২৪